



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

অতি জরুরী

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/৩১০

তারিখ : ২৮/০১/২০১৮ খ্রিঃ

প্রাপক: কেন্দ্র সচিব

সিলেট বোর্ডের আওতাধীন ২০১৮ সালের এস এস সি পরীক্ষার সকল কেন্দ্র।


বিষয় : ২০১৮ সালের এস এস সি পরীক্ষায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক অধিকতর গুরুত্বপূর্ণ বিষয়াদি প্রতিপালন প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬-৬৪, তারিখ: ২১ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লেখিত সভার সিদ্ধান্ত মোতাবেক আসন্ন এস এস সি পরীক্ষা ২০১৮ শান্তিপূর্ণ, সুষ্ঠু, নকলমুক্ত, ইতিবাচক ও নিয়মমাফিক পরিচালনার স্বার্থে নিম্নলিখিত বিষয়সমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) পরীক্ষার প্রশ্নপত্র ড্রেজারী, থানা বা ব্যাংক থেকে কেন্দ্রে/ভেন্যুতে নেয়ার সময় কেন্দ্র সচিবের সাথে একজন সরকারি কর্মকর্তা পুলিশ স্কটসহ থাকবেন।
- (২) পরীক্ষা শুরুর ৩০ মি: পূর্বে একজন সরকারি কর্মকর্তা, কেন্দ্র সচিব ও একজন কক্ষ পর্যবেক্ষকের স্বাক্ষরসহ প্রত্যয়নপূর্বক প্রশ্নপত্রের প্যাকেট খুলে কক্ষ ভিত্তিক বিতরণের ব্যবস্থা করবেন।
- (৩) পরীক্ষার্থীগণকে পরীক্ষা শুরুর ৩০ মি: পূর্বে অবশ্যই আসন গ্রহণের ব্যবস্থা করবেন।
- (৪) কেবলমাত্র কেন্দ্র সচিব একটি সাধারণ (Non android) মোবাইল ব্যবহার করবেন। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, পর্যবেক্ষক কিংবা অন্যান্য কর্মকর্তাবৃন্দ কোন অবস্থাতেই মোবাইল ব্যবহার করতে পারবেন না। এর ব্যত্যয় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।
- (৫) শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পরীক্ষা সংক্রান্ত নীমিতালা যথাযথ প্রতিপালন করবেন। যে কোন অনিয়ম পরিলক্ষিত হলে কেন্দ্র বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৬) পরীক্ষা শুরুর ০৭ (সাত) দিন পূর্বে থেকে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৮/০১/২০১৮

(মো: কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপচালক, মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।
৪. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের আওতাধীন সকল উপজেলা।
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৮. সংরক্ষণ নথি।